

মন্ত্রিপরিষদ বিভাগের নভেম্বর ২০১৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: নভেম্বর ২০১৬

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১২ ডিসেম্বর ২০১৬

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: মন্ত্রিপরিষদ বিভাগ	২৪৫	২০৪	৪১
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: দুর্নীতি দমন কমিশন	১,২৬৪	৯১০	২১৮
মোট	১,৫০৯	১,১১৪	২৫৯

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদুর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৬	১৪	১০	১১	৪১
দুর্নীতি দমন কমিশন	-	-	৪৩	৩৩	১৩৯	০৩	২১৮*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-
২।	দুর্নীতি দমন কমিশন	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	-	১। ০২-০৪ নভেম্বর ২০১৬ মেয়াদে ইন্দোনেশিয়া সরকারি সফর করেন। ২। Conference of Parties (cop-22) শীর্ষক সম্মেলনে অংশগ্রহণের জন্য ১৫-১৮ নভেম্বর ২০১৬ মেয়াদে মরক্কো সফর করেন।	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	-

পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	১০-১২ নভেম্বর ২০১৬ মেয়াদে সরকারি সফরে খাগড়াছড়ি ও রাঙ্গামাটি জেলা সফর করেন।	-
------------------------------------	---	---	---	---	--	---

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত :

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প	৫.৮৬	০.৬৯০ (১.১৮ শতাংশ)	-	-	-
Building Capacity for the Use of Research Evidence (BCURE)	সর্বমোট ৮.১৩ ডিপিএ: ৮.০৯ জিওবি: ০.০৪	ব্যয়: ১.২০ (১৪.৭৬ শতাংশ)	-	-	-
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১৯.৭২ জিওবি: .৩৩	৫.৮১ (২৮.৯৮ শতাংশ)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১১টি	০.৩৬৪	-	-	১১টি	২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য আগস্ট ২০১৫ মাসে সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষকদল কর্তৃক চারটি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে একটি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট তিনটি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। উক্ত আপত্তি চারটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে ৫ অক্টোবর ২০১৫ তারিখে ব্রডশিট জবাব প্রেরণ করা হয়, কিন্তু অদ্যাবধি জবাব পাওয়া যায়নি। এ ছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে সাতটি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা টাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচার্য।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকণ্ঠীয় দ্বীপাঞ্চল দূর্নীতি দমন কমিশন	১৭টি	২৮৩.১৫	-	-	১৭টি	ত্রিপর্যায় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
মোট	৩২টি	৯৮৩.৫১৪	০৪	-	৩২টি	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০১	-	-	-	-	০১	-
দুর্নীতি দমন কমিশন-১৪	-	-	০১	০২	১১	১০

* প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন শাখায় স্থানান্তর করা হয়েছে।

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	Study tour on government Performance Management System. স্থান: ফিলিপাইন	২৬ নভেম্বর ২০১৬ থেকে ০২ ডিসেম্বর ২০১৬	মন্ত্রিপরিষদ বিভাগ	১০ জন ১। সচিব (সমন্বয় ও সংস্কার) ২। অতিরিক্ত সচিব ৩। উপসচিব (ছয়জন) ৪। সিনিয়র সহকারী সচিব (দুই জন)
	২।	e-Government Public Sector Transformation প্রশিক্ষণে অংশগ্রহণ। স্থান: সিঙ্গাপুর	১৪-২৫ নভেম্বর ২০১৬	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	এক জন যুগ্মসচিব
	৩।	শিক্ষা সফর স্থান: ইন্দোনেশিয়া	০২-০৪ নভেম্বর ২০১৬	মন্ত্রিপরিষদ বিভাগ	এক জন মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব
	৪।	Sanction of Deputation for Participation in the Conference of Parties (cop-22) to be held in Marrakesh স্থান: মরক্কো	১৫-১৮ নভেম্বর ২০১৬	পরিবেশ ও বন মন্ত্রণালয়	এক জন মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব
দুর্নীতি দমন কমিশন	১।	পিপিআর বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স	১৪- নভেম্বর ২০১৬	সিপিটিইইউ	২৬ জন
	২।	পিপিআর বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স	১৫- নভেম্বর ২০১৬	সিপিটিইইউ	২৫ জন
	৩।	বার্ষিক কর্মসম্পাদন বিষয়ে প্রশিক্ষকের প্রশিক্ষণ	২২ জানুয়ারি থেকে ২৪ নভেম্বর ২০১৬	দুর্নীতি দমন কমিশন	২৩ জন
	৪।	রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্স, ২০১৬	২৭ নভেম্বর থেকে ০১ ডিসেম্বর ২০১৬	দুর্নীতি দমন কমিশন	২০ জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: নেই।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ১২ জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভার দু'টি, সচিব সভা একটি, নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা একটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা ছয়টি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দু'টি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দু'টি, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা একটি, চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা একটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠকে ২৮টি সিদ্ধান্ত গৃহীত হয় এবং এর মধ্যে ১৬টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। অবশিষ্ট ১২টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) ২৭ নভেম্বর ২০১৬ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২৮টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত ১২টি পত্র জারি করা হয়।

(৫) সংশোধিত সমরপুস্তক ২০১৬ মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপনের নিমিত্ত সমরপুস্তক ১৯৭৭ এবং সংশোধিত সমরপুস্তক ২০১৬-এর তুলনামূলক বিবরণী প্রস্তুত করা হয়।

(৬) শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ নামে দুটি বিভাগ গঠন সংক্রান্ত প্রজ্ঞাপন ৩০ নভেম্বর ২০১৬ তারিখে জারি করা হয়।

(৭) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দ্বিপাক্ষিক সফরে এবং Budapest Water Summit, 2016-এ যোগদানের লক্ষ্যে ২৭ নভেম্বর ২০১৬ তারিখ রবিবার ০৯০০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-১০১১ ভিভিআইপি ফ্লাইটযোগে বুদাপেস্ট, হাঙ্গেরির উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৮) ঢাকা মেডিক্যাল কলেজের সাবেক অধ্যক্ষ এবং বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি ও আজীবন সদস্য ডা. আবুল কাশেম ০৫ নভেম্বর ২০১৬ তারিখে ইন্তেকাল করেন (ইন্মালিলাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯৩ বছর। ডা. আবুল কাশেমের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও মরহমের রুহের মাগফিরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০৭ নভেম্বর ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত ১০ নভেম্বর ২০১৬ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৯) ঢাকা মেডিক্যাল কলেজ এবং বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্যাথলজি বিভাগের ভূতপূর্ব প্রধান অধ্যাপক ডা. ফারুক আনোয়ারুল আজিম ০৫ নভেম্বর ২০১৬ তারিখে ইন্তেকাল করেন (ইন্মালিলাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৪ বছর। ডা. ফারুক আনোয়ারুল আজিমের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও মরহমের রুহের মাগফিরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০৭ নভেম্বর ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত ১০ নভেম্বর ২০১৬ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১০) বাংলাদেশের শিশুচিকিৎসার পথিকৃৎ এবং জাতীয় অধ্যাপক ডাঃ এম আর খান ০৫ নভেম্বর ২০১৬ তারিখে ইন্তেকাল করেন (ইন্মালিলাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৮ বছর। অধ্যাপক ডাঃ এম আর খানের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও মরহমের রুহের মাগফিরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ০৭ নভেম্বর ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত ১০ নভেম্বর ২০১৬ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা United Nations Climate Change Conference (COP-22)-এ যোগদানের লক্ষ্যে ১৪ নভেম্বর ২০১৬ তারিখ সোমবার ১০.০০ ঘটিকায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-১০১৯ ভিভিআইপি ফ্লাইটযোগে মারাকেশ, মরক্কোর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(১২) বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল সফরকারী ইংল্যান্ড ক্রিকেট দলের বিরুদ্ধে বাংলাদেশে অনুষ্ঠিত ক্রিকেট টেস্ট সিরিজে ১-১ ম্যাচে ড্র করেছে। দুই টেস্ট ম্যাচের এই সিরিজের প্রথমটিতে চট্টগ্রামে ২২ রানে পরাজিত হলেও ঢাকায় অনুষ্ঠিত সিরিজের দ্বিতীয় ও শেষ টেস্টে ১০৮ রানের ঐতিহাসিক জয়ের মাধ্যমে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল এই গৌরব অর্জন করে। এ সাফল্যে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল আগামীতেও কাঙ্ক্ষিত বিজয় অর্জন করে জাতির গৌরব বৃদ্ধি করবে মর্মে দৃঢ় আশাবাদ ব্যক্ত করে মন্ত্রিসভার ৩১ অক্টোবর ২০১৬ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে। এ সংক্রান্ত ০৩ নভেম্বর ২০১৬ তারিখে প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১৩) জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা কর্তৃক ঢাকা কেন্দ্রীয় কারাগার পরিদর্শন প্রতিবেদনের ওপর যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(১৪) হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলা সদরে ফেইসবুকে আপত্তিকর ছবি আপলোড করায় সৃষ্ট আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ হয়।

(১৫) সিরাজগঞ্জ জেলায় কালিমাতা মন্দিরে কালি মূর্তি ভাঙা সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) নেত্রকোণা জেলার স্পর্শকাতর, চাঞ্চল্যকর ও গুরুতর ঘটনা সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) জেলা ম্যাজিস্ট্রেট, বরগুনা ও ঝিনাইদহ কর্তৃক বরগুনা সদর থানা পরিদর্শন প্রতিবেদন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(১৮) ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলায় সংঘটিত ঘটনাবলি সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(১৯) চাঁদপুর জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত প্রতিবেদনের ওপর যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(২০) রংপুর সুগার মিলের বাগদা ফার্ম এলাকার সরকারি জমি হতে অবৈধ দখলদার উচ্ছেদ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(২১) চট্টগ্রাম বিভাগের স্পর্শকাতর, চাঞ্চল্যকর এবং গুরুতর ঘটনা সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(২২) অক্টোবর ২০১৬ মাসে কারাগারে আটক অনূর্ধ্ব ১৬ বছর বয়সী শিশু-কিশোরদের মুক্তিদানের ব্যবস্থা গ্রহণের জন্য জেলা ম্যাজিস্ট্রেট, রংপুর, গাইবান্ধা, লালমনিরহাট, পঞ্চগড় ও হবিগঞ্জ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৩) মোবাইল কোর্ট পরিচালনার ক্ষেত্রে ১০০ শতাংশ ই-মোবাইল কোর্ট সিস্টেম ব্যবহার সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য জেলা ম্যাজিস্ট্রেট, চাঁদপুর, মাদারীপুর, মুন্সিগঞ্জ, টাঙ্গাইল, যশোর, ঝিনাইদহ, পাবনা, গাইবান্ধা, পঞ্চগড়, রংপুর, ঝালকাঠি, জামালপুর, নেত্রকোণা ও শেরপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৪) মোবাইল কোর্ট পরিচালনার ক্ষেত্রে অক্টোবর ২০১৬ মাসে ৫০ শতাংশ-এর কম ই-মোবাইল কোর্ট সিস্টেমে ব্যবহারে সমস্যা চিহ্নিতকরণ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা, জয়পুরহাট, কক্সবাজার, নওগাঁ, রাজবাড়ী, চাঁপাইনবাবগঞ্জ, নারায়ণগঞ্জ, বরগুনা, চট্টগ্রাম, কুড়িগ্রাম, শরিয়তপুর, নোয়াখালী, কিশোরগঞ্জ এবং খুলনা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৫) বাল্যবিবাহ প্রতিরোধে সমগ্র গাইবান্ধায় একযোগে প্রচারাভিযান বাস্তবায়নের জন্য জেলা প্রশাসক, গাইবান্ধাকে অনুরোধ করা হয়।

(২৬) কারাগারে আটক শিশু-কিশোরদের অবস্থার উন্নয়নের লক্ষ্যে গঠিত জাতীয় টাস্কফোর্স কমিটির ১৯তম সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য কারা মহাপরিদর্শক এবং কান্ট্রি ডিরেক্টর, সেভ দ্যা চিলড্রেন বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৭) কারাগারে আটক শিশু-কিশোরদের অবস্থার উন্নয়নে লক্ষ্যে গঠিত জাতীয় টাস্কফোর্স কমিটির ১৯তম সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য কান্ট্রি ডিরেক্টর, সেভ দ্যা চিলড্রেন; চিফ চাইল্ড প্রটেকশন সেকশন; ইউনিসেফ, নির্বাহী পরিচালক, অপরাজেয় বাংলাদেশ; সকল বিভাগীয় কমিশনার ও জেলা ম্যাজিস্ট্রেট; আইন ও বিচার বিভাগ; ভূমি মন্ত্রণালয়; সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৮) বগুড়া জেলায় সংঘটিত গুরুতর দুর্ঘটনা সংক্রান্ত প্রতিবেদনের ওপর যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।

(২৯) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশিট ১৬ জন ও নথিভুক্তির জন্য ১৪ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। একজন উপপরিচালক ও দুই জন সহকারী পরিচালককে প্রেষণে দুর্নীতি দমন কমিশনে যোগদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।

(৩০) বিভিন্ন আইনে সাতজন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(৩১) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ অক্টোবর ২০১৬ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। এ জন্য প্রমাপ অর্জন এবং পরিদর্শন ও রাত্রিযাপন প্রতিবেদন প্রেরণের এ ধারা অব্যাহত রাখা জন্য অনুরোধ করা হয়। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(৩২) জেলা প্রশাসক, গোপালগঞ্জ-এর সুপারিশের আলোকে জেলা পর্যায়ে বিসিএস (প্রশাসন) ক্যাডার কর্মকর্তা সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ ব্যবস্থা সহজীকরণ ও সময়োপযোগীকরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৩) ২২ ডিসেম্বর ২০১৬ তারিখ বৃহস্পতিবার নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন সংশ্লিষ্ট আইনের বিধান সম্পর্কে সজাগ থেকে অর্পিত নির্বাচনী দায়িত্ব যথাযথভাবে পালনের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান এবং নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ সংক্রান্ত দুটি পরিপত্র জারি করা হয়।

(৩৪) ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখ, বুধবার, জেলা পরিষদ নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন সংশ্লিষ্ট আইনের বিধান সম্পর্কে সজাগ থেকে অর্পিত নির্বাচনী দায়িত্ব যথাযথভাবে পালনের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান এবং নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ সংক্রান্ত দুটি পরিপত্র জারি করা হয়।

(৩৫) জনাব মোঃ আনোয়ার হোসেন, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ০৯ অক্টোবর ২০১৬ তারিখে পটুয়াখালী জেলা পরিদর্শন; জনাব মোঃ আব্দুল বারিক, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ০৬ অক্টোবর ২০১৬ তারিখে চট্টগ্রাম জেলার ফটিকছড়ি উপজেলা পরিদর্শন এবং ০৯ অক্টোবর ২০১৬ তারিখে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিদর্শন; জনাব মোঃ সাইদুর রহমান, যুগ্মসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২৫-২৬ আগস্ট ২০১৬ মেয়াদে মৌলভীবাজার জেলা পরিদর্শন; জনাব হাবিবুর রহমান, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ০৫ জুন ২০১৬ তারিখে বাগেরহাট জেলার মোরেলগঞ্জ উপজেলা পরিদর্শন; জনাব মোঃ আশরাফ হোসেন, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ০৭ আগস্ট ২০১৬ তারিখে সিলেট জেলার গোলাপগঞ্জ উপজেলা পরিদর্শন এবং ২৪ আগস্ট ২০১৬ তারিখে রাজশাহী জেলার পবা উপজেলা পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৩৬) বিবেচ্য মাসে মাঠপ্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৯জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ১৪জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৩৭) জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণ কর্তৃক বিভিন্ন উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ও পৌর ভূমি অফিস, জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা, এল.এ শাখা, জেনারেল সার্টিফিকেট শাখা ইত্যাদি পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন প্রেরণের জন্য তিনটি জেলার জেলা প্রশাসক বরাবর মোট ছয়টি পত্র প্রেরণ করা হয়।

(৩৮) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত অক্টোবর দ্বিতীয় ও নভেম্বর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়। মাননীয়

প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৯) স্কুল ফিডিং প্রোগ্রাম ও পঁাকা রাস্তার দুই পার্শ্বে মাটি দ্বারা ভরাটের বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪০) মাননীয় প্রধানমন্ত্রীর গোপালগঞ্জ জেলার টুঞ্জিপাড়া, সিলেট ও গাজীপুর সফর উপলক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪১) মহামান্য রাষ্ট্রপতির চট্টগ্রাম সফর উপলক্ষ্যে বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম ও জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪২) টাঙ্গুয়ার হাওর এলাকার সম্পদ ও জীববৈচিত্র রক্ষার লক্ষ্যে প্রস্তুতকৃত বিধিমালা, নীতিমালা ও মৎস্য সম্পদ আহরণ ব্যবস্থাপনা পদ্ধতির ওপর মন্ত্রিপরিষদ বিভাগের মতামত পরিবেশ ও বন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

(৪৩) কক্সবাজার জেলার খাসজমির দিয়ারা জরিপের এবং 'গলর বিল' খাস জলাশয়ে গমনের সংযোগ সড়ক নির্মাণের জন্য জমি অধিগ্রহণের বিষয়ে ভূমি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(৪৪) নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলায় তাবলীগ জামাতের ইজতেমা অনুষ্ঠানের বিষয়ে স্বরাষ্ট্র ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(৪৫) ভূমি মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের ডিপিডি হিসাবে জেলা প্রশাসকগণ-কে অতিরিক্ত দায়িত্ব প্রদানের ক্ষেত্রে অনাপত্তি প্রদান করা হয়।

(৪৬) কক্সবাজার জেলার শাহপাড়া দ্বীপ এলাকার ৬৮ নম্বর পোল্ডারের ভেঙ্গে যাওয়া বেড়িবীধ পুনর্নির্মাণ এবং পাবনা শহরের মধ্য দিয়ে প্রবাহিত ইছামতি নদী-কে বাঁচাতে কার্যক্রম গ্রহণের বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(৪৭) মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০১৬ উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীকে অভ্যর্থনাকারীগণের তালিকা বিভাগীয় কমিশনার, ঢাকা এবং জেলা প্রশাসক, ঢাকা বরাবর প্রেরণ করা হয়।

(৪৮) মহান বিজয় দিবস ২০১৬ উদ্‌যাপন উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর কর্মসূচির বিষয়ে বিভাগীয় কমিশনার, ঢাকা এবং জেলা প্রশাসক, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৯) ২৪ নভেম্বর তারিখে সরকারের বিভিন্ন মেয়াদে (২০০৮-০৯ হতে ২০১৪-১৫) গৃহীত সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচিসমূহ এবং উহাদের ফলাফলের সময়ভিত্তিক তুলনামূলক পরিসংখ্যান সংক্রান্ত প্রতিবেদন চূড়ান্তকরণের জন্য স্টেকহোল্ডার সভা অনুষ্ঠিত হয়।

(৫০) ২৭-২৮ নভেম্বর মেয়াদে কুমিল্লাস্থ বার্ডে অনুষ্ঠিত সরকারি কর্মকর্তাগণের জন্য সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহে সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক প্রশিক্ষণ আয়োজনে সহায়তা প্রদান করা হয়।

(৫১) ২৬ নভেম্বর তারিখে সিআরভিএস বাস্তবায়নের জন্য MCCoD, Verbal Autopsy এবং IT & Data Management বিষয়ে প্রাক-প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

(৫২) ০২ নভেম্বর তারিখে মন্ত্রণালয়/বিভাগের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা বিকেন্দ্রীকরণের প্রস্তাব পর্যালোচনা এবং সিদ্ধান্ত বাস্তবায়নে আইনগত পদক্ষেপ গ্রহণ সংক্রান্ত কমিটির দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়েছে।

(৫৩) 'Technical Support Project CRVS System Improvement in Bangladesh' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের টিপিপি সংশোধন করা হয়।

(৫৪) ২১ ও ২৪ নভেম্বর ২০১৬ মেয়াদে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত টিমের প্রধানদের নিয়ে ২০১৬-২০১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

(৫৫) ২৯ নভেম্বর ২০১৬ তারিখে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত জাতীয় কমিটির ১১তম সভা অনুষ্ঠিত হয়।

(৫৬) ২২-৩০ নভেম্বর ২০১৬ মেয়াদে নির্বাচিত ১০টি মন্ত্রণালয়/বিভাগে 'Community of Practice-Cop' শীর্ষক Programme-এর আওতায় সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত Research Survey সম্পাদনে সহায়তা প্রদান করা হয়।

(৫৭) ৪ নভেম্বর ২০১৬ তারিখে 'Awareness Raising on National Integrity Strategy (NIS)' শীর্ষক কর্মশালা ফরিদপুর জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

(৫৮) ৬ নভেম্বর ২০১৬ তারিখে বিদ্যুৎ ভবনের বিজয় হলে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে ‘NIS Implementation: Selected Good Practice’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

(৫৯) ১৬ নভেম্বর ২০১৬ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প-এর আওতায় ছাত্র-ছাত্রীদের নৈতিকতা সংক্রান্ত পাঠদানের লক্ষ্যে ডিসেম্বর মাসের মাঝামাঝি সময়ে বিভিন্ন স্কুল/কলেজ/মাদ্রাসার প্রধানদের মধ্য হতে ৭০ জন শিক্ষক-শিক্ষিকাদের প্রশিক্ষণ আয়োজনের জন্য জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-কে অনুরোধ করা হয়।

(৬০) ২৪ নভেম্বর ২০১৬ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প-এর আওতায় চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক নির্মিত প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার ও উত্তম চর্চাভিত্তিক প্রামাণ্যচিত্রটি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গ্রহীত হয়।

(৬১) ১০ নভেম্বর ২০১৬ তারিখ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে ‘Technical Support Project for Implementation of CRVS System in Bangladesh’ শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের একটি প্রকল্প যাচাই কমিটি সভা অনুষ্ঠিত হয়।

(৬২) মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে ও এটুআই প্রোগ্রামের সহযোগিতায় মন্ত্রণালয় ও অধিদপ্তরভিত্তিক নাগরিক সেবায় উদ্ভাবনী কর্মকাণ্ডের বিষয়ে ১৩ নভেম্বর তারিখে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ধর্ম মন্ত্রণালয়, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং শিল্প মন্ত্রণালয় ও তাদের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহ এবং ১৪ নভেম্বর তারিখে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় ও রেলপথ মন্ত্রণালয় এবং তাদের আওতাধীন অধিদপ্তর/সংস্থাসমূহকে নিয়ে অগ্রগতি পর্যালোচনা/সমন্বয় সভা করা হয়।

গ. আগামী দুই (ডিসেম্বর-জানুয়ারি) মাসে সম্পাদ্য অতীত গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৭) মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০১৫-১৬ অর্থ-বছরের কার্যাবলি সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।

(৮) দশম জাতীয় সংসদের ২০১৭ সালের প্রথম অধিবেশনে মহামান্য রাষ্ট্রপতির ভাষণ প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম।

(৯) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(১০) ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদি সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আর্কাইভসে হস্তান্তর সংক্রান্ত কার্যক্রম।

(১১) ‘Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh’ শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া সম্পাদন।

(১২) জেলা-সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৮২তম সভা অনুষ্ঠান।

(১৩) সিআরভিএস বাস্তবায়ন কমিটির তৃতীয় সভা অনুষ্ঠান।

(১৪) নিকার-এর ১১৩তম সভা অনুষ্ঠান।

(১৫) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা।

(১৬) Civil Registration and Vital Statistics in Bangladesh শীর্ষক প্রকল্প প্রস্তাব প্রণয়ন।

(১৭) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটির সভা।

(মুহাম্মাদ আসাদুল হক)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৫৭৪৪৯

e-mail: report_sec@cabinet.gov.bd